

## بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম।

আল্লাহর নামে আরম্ভ, যিনি পরম দয়ালু, করুণাময়।

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِحَضْرَةِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ط

আল্লা-হুম্মা ইন্নী-আস্আলুক্কা বিহাযী-যি বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম।  
হে আল্লাহ! আমি তোমার কাছে প্রার্থনা করছি 'বিস্মিল্লাহির রাহ্মা-নির রা-হীম'-এর সৌভাগ্যশালীতার ওসীলায়,

وَبِحَضْرَةِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ وَبِحُطُوظِ بِسْمِ اللَّهِ

ওয়া বিহাযী বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-মি ওয়া বিহযু-যি বিস্মিল্লা-হির  
'বিস্মিল্লাহির রাহ্মা-নির রা-হীম'-এর শুভ অদৃষ্টের ওসীলায় এবং 'বিস্মিল্লাহির

الرَّحْمَنِ الرَّحِيمِ ط ﴿الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ﴾ الرَّحْمَنِ

রাহ্মা-নির রাহী-ম। আল্হামদু লিল্লা-হি রাবিবল্ 'আ-লামী-ন। আররাহ্মা-নির  
রাহ্মা-নির রা-হীম'-এর কল্যাণকর নিয়তির ওসীলায়, স্কসকল প্রশংসা আল্লাহর, যিনি সারা বিশ্বের প্রতিপালক; পরম দয়ালু,

الرَّحْمَنِ الرَّحِيمِ ط مَلِكِ يَوْمِ الدِّينِ ط إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ ط

রাহী-ম। মা-লিকি ইয়াওমিদ্ দ্বী-ন্। ইয়্যা-কা না'বুদু ওয়া ইয়্যা-কা নাস্তা'ঈ-ন।  
করুণাময়; প্রতিদান দিবসের মালিক। আমরা তোমারই ইবাদত করি। এবং তোমারই নিকট সাহায্য প্রার্থনা করি।

إِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ ط صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ ه

ইহদিনাস্ সেরা-ত্বাল মুস্তাক্বী-মা, সেরা-ত্বাল্ লায়ী-না আন্'আমতা 'আলায়হিম;  
আমাদেরকে সোজা পথে পরিচালিত করো, তাঁদেরই পথে যাদের উপর তুমি অনুগ্রহ করেছো,

غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ ط ﴿

গায়রিল মাগদু-বি 'আলায়হিম ওয়ালাদ্ব্ দ্বোয়া----ল্লী-ন। ﴿  
তাদের পথে নয়, যাদের উপর গযব নিপতিত হয়েছে এবং পথভ্রষ্টদের পথেও নয়। (আ-ম্বী-ন)﴾\*

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ط قِيَوْمِ السَّمَوَاتِ وَالْأَرْضِينَ ط

আল্‌হামদু লিল্লা-হি রাবিবল্ 'আ-লামী-ন। ক্বাইয়্যু-মিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দী-ন। সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি মালিক সকল জগৎসীর, যিনি আসমানসমূহ ও যমীনগুলোর তত্ত্বাবধায়ক ও স্থিরকারী।

مُدَبِّرِ الْخَلَائِقِ أَجْمَعِينَ مُنَوِّرِ أَبْصَارِ بَصَائِرِ الْعَارِفِينَ ط بِنُورِ

মুদাব্বিরিল্ খালা-ইক্বি আজ্‌মা'ঈ-না মুনাভ্‌তির আবসোয়া-রি বাসো-ইরিল 'আ-রিফী-ন। বিনু-রিল্ যিনি সকল সৃষ্টির পরিচালক ও ব্যবস্থাপক, যিনি আরিফ বান্দাদের অন্তর্দৃষ্টির চক্ষুগুলোকে আলো প্রদানকারী

الْمَعْرِفَةِ وَالْيَقِينِ ط جاذِبِ أَسْرَارِ الْأَيْمَةِ وَالْمُحَقِّقِينَ ط

মা'রিফাতি ওয়াল্ ইয়াক্বী-ন। জা-যিবি আসরা-রিল্ আইস্মাতি ওয়াল্ মুহাক্বিক্বী-ন। মা'রিফাত (খোদাপরিচিত) ও দৃঢ় বিশ্বাসের নূর দ্বারা, আকর্ষণকারী ইমামগণ ও গবেষকদের (মুহাক্বিক্বীগণ) কুলব ও অন্তরসমূহকে

بِجَذْبِ الْقُرْبِ وَالتَّمَكِينِ ط وَفَاتِحِ قُلُوبِ الْمُؤَحِّدِينَ ط

বিজায্বিল্ কুর্ বি ওয়াত্‌তামকী-ন। ওয়া ফা-তিহি কুলু-বিল্ মুয়াহ্বিদ্দী-ন। নৈকট্য ও উচ্চস্থান বা ক্ষমতার আকর্ষণ দ্বারা এবং একত্ববাদীদের অন্তরসমূহকে উন্মুক্তকারী

بِمَفَاتِيحِ حَمْدِ الشَّاكِرِينَ ط وَجَامِعِ أَشْتَاتِ شَمْلِ الْمُحِبِّينِ ط

বিমাফা-তী-হি হাম্‌দিশ্ শা-কিরী-ন। ওয়া জা-মি'ই আশ্‌তা-তি শাম্লিল্ মুহিব্বী-ন। শোকর আদায়কারীদের প্রশংসার চাবিগুচ্ছ দ্বারা এবং সন্নিবেশকারী, প্রেমিকদের বিক্ষিপ্ত দলকে

فِي حَضَائِرِ قُدْسِهِ وَأَنْسِهِ بِجَمْعِ الْحَفِظِ وَالْيَقِينِ ه أَحْمَدُهُ

ফী- হাদ্বা-ইরি কুদসিহী- ওয়া উন্সিহী- বিজাম্ 'ইল্ হিফ্‌যি ওয়াল্ ইয়াক্বী-ন। আহমাদুহু- স্বীয় পবিত্রতা ও প্রেমের সমাবেশে, সংরক্ষণ ও নিশ্চিত বিশ্বাসকে একত্রিত করার কারণে। আমি তাঁর এমন প্রশংসা করছি,

حَمْدًا يَفُوقُ وَيَعْلُو وَيَفْضُلُ حَمْدَ الْحَامِدِينَ ط حَمْدًا يَكُونُ

হাম্দাই ইয়াক্বু-ক্ব ওয়া ইয়ালু- ওয়া ইয়াক্বুদ্বুলু হাম্দাল্ হা-মিদী-ন। হাম্দাই ইয়াক্বু-নু যা সকল প্রশংসাকারীদের প্রশংসা থেকে অধিক অগ্রগামী, উন্নত ও উত্তম; এমন প্রশংসা, যা হবে

لِي رِضًا وَفِيضًا وَحِفْظًا وَحِظًا وَذُخْرًا وَحِرْزًا عِنْدَ خَالِقِي

লী-রিছাওঁ ওয়া ফায়ছাওঁ ওয়া হিফ্যাওঁ ওয়া হায্যাওঁ ওয়া যুখরাওঁ ওয়া হিরযান্ 'ইন্দা খা-লিক্বী-  
আমার জন্য আত্মতৃপ্তি, ফয়য-বরকত, হেফাযতের সম্বল, সৌভাগ্য, সঞ্চয় এবং আশ্রয় আমার স্রষ্টার নিকট

وَخَالِقِ الْأَقَالِيمِ وَالْجِهَاتِ وَالْأَقْطَارِ وَالْأَمْصَارِ وَالْأَعْصَارِ وَ

ওয়া খা-লিক্বিল্ আক্বা-লী-মি ওয়াল্ জিহা-তি ওয়াল্ আক্বত্বা-রি ওয়াল্ আমসোয়া-রি ওয়াল্ আ'সোয়া-রি ওয়া  
আর যিনি সকল মহাদেশ, সকল দিক-দিগন্ত, সকল ভূখণ্ড, সকল নগরী, সকল যুগ-যুগান্তর,

الْأَمْلاَكِ وَالْأَفْلاَكِ رَبِّ الْعَالَمِينَ رَبِّ السَّمَوَاتِ وَرَبِّ

আম্বলা-কি ওয়াল্ আফ্লা-কি রাবিবল্ 'আ-লামী-ন। রাবিবল্ সামা-ওয়া-তি ওয়া রাবিবল্  
সকল দেশ ও রাজ্য এবং নভোঃমণ্ডলের সৃষ্টিকর্তা, যিনি সকল জাহানের প্রতিপালক; যিনি সকল আসমানের রব,

الْأَرْضِينَ وَرَبِّ الْأَقْرَبِينَ وَرَبِّ الْأَبْعَدِينَ وَرَبِّ الْأَوَّلِينَ

আর্দ্বী-না ওয়া রাবিবল্ আক্বরাবী-ন। ওয়া রাবিবল্ আব'আদী-ন। ওয়া রাবিবল্ আওয়ালী-ন।  
সকল যমিনের রব, সকল নিকটবর্তী ও সকল দূরবর্তীর রব, সকল পূর্ববর্তীর রব,

وَرَبِّ الْآخِرِينَ وَرَبِّ الْمَلَائِكَةِ الْمُقَرَّبِينَ وَرَبِّ الْأَنْبِيَاءِ

ওয়া রাবিবল্ আ-খিরী-ন। ওয়া রাবিবল্ মালা-ইকাতিল্ মুক্বাররাবী-ন। ওয়া রাবিবল্ আম্বিয়া-ই  
সকল পরবর্তীর রব, সকল নৈকট্যপ্লাণ্ড ফিরিতাদের রব, সকল নবী

وَالْمُرْسَلِينَ وَرَبِّ الْخَلَائِقِ أَجْمَعِينَ رَبِّ الرَّحْمَنِ الرَّحِيمِ

ওয়াল্ মুরসালী-না ওয়া রাবিবল্ খালা-ইক্বি আজমা'ঈ-ন। আররাহমা-নির্ রাহী-মিল  
ও রসূলের রব এবং সকল সৃষ্টির রব; যিনি পরম দয়ালু করুণাময়,

الْأَزَلِيِّ الْقَدِيمِ السَّمِيعِ الْعَلِيِّ الْعَظِيمِ الْعَزِيزِ الْحَكِيمِ الَّذِي

আযালিয়্যিল্ ক্বাদী-মিস্ সামী-'ইল্ 'আলিয়্যিল্ 'আযী-মিল্ 'আযী-যিল্ হাকী-মিল্লাযী-  
যিনি অনাদি চিরন্তন, সর্বদা শ্রোতা, সদা উচ্চমর্যাদাবান, মহা সম্মানের অধিকারী, সর্বদা বিজয়ী ও অধিক প্রজ্ঞার অধিকারী,

دَحَى الْأَقَالِيمِ وَاخْتَصَّ مُوسَى الْكَلِيمَ هُ وَاخْتَارَ سَيِّدَنَا

দাহাল্ আক্বা-লী-ম। ওয়াখ্তাস্‌সা মূ-সাল্ কালী-ম। ওয়াখ্তা-রা সায়্যিদানা-  
যিনি বিছিয়ে দিয়েছেন সকল দেশ-মহাদেশকে এবং বিশেষভাবে নির্বাচন করে নিয়েছেন হযরত মূসা কালিম আলায়হিস্‌ সালামকে, আর আমাদের মহান আক্বা

مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَبِيبًا مِنْ بَيْنِ الْأَنْبِيَاءِ

মুহাম্মাদান্ সাল্লাল্লাহু ‘আলায়হি ওয়া সাল্লাম হাবী-বাম্ মিন্ বায়নিল্ আম্মিয়া-ই  
হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু ‘আলায়হি ওয়াসাল্লামকে হাবীব বা ঘনিষ্ঠতম বন্ধু হিসেবে, চয়ন করে নিয়েছেন সকল নবী

وَالْمُرْسَلِينَ وَسَمَى نَفْسَهُ الرَّحْمَنَ الرَّحِيمَ فَهُمَا إِسْمَانِ

ওয়াল্ মুরসালী-ন। ওয়া সাম্মা- নাফ্‌সাহ্‌র্ রাহ্মা-নার্ রাহী-ম। ফাহ্মা- ইস্মা-নি  
ও রাসূল আলায়হিস্‌ সালামের মধ্য থেকে, আর তিনি (আল্লাহ) তাঁর স্বীয় সত্ত্বাকে আখ্যায়িত করেছেন ‘রাহমান’ (পরম দয়ালু) ও ‘রাহীম’ (করুণাময়) হিসেবে। তাই এ দুটি হলো

عَظِيمَانِ كَرِيمَانِ جَلِيلَانِ فِيهِمَا شِفَاءٌ لِّكُلِّ سَقِيمٍ وَدَوَاءٌ

‘আযী-মা-নি কারী-মা-নি জালী-লা-নি ফী-হিমা- শিফা-উল্ লিকুল্লি সিক্বী-মিও ওয়া দাওয়া-উল  
অধিক সম্মানিত, মর্যাদাবান ও মহত্বপূর্ণ নাম। এ দুটি বরকতময় নামের মধ্যে রয়েছে সকল রোগীর জন্য আরোগ্য,

لِّكُلِّ عَلِيلٍ وَغِنَاءٌ لِّكُلِّ فَقِيرٍ وَعَدِيمٌ ط مَالِكِ يَوْمِ الدِّينِ ط

লিকুল্লি ‘আলী-লিও ওয়া গিনা-উল্ লিকুল্লি ফাক্বী-রিও ওয়া ‘আদী-ম। মা-লিকি ইয়াওমিদ্দী-ন।  
সকল অসুস্থের জন্য ঔষধ এবং সকল গরীব-মিসকীন ও নিঃস্বদের জন্য প্রাচুর্য। ক্বিয়ামত দিবসের মালিক;

لَيْسَ لَهُ فِي مَلِكِهِ مُنَازِعٌ وَلَا شَرِيكٌ وَلَا ظَهِيرٌ وَلَا شَبِيهُهُ

লায়সা লাহ্ ফী- মুল্কিহী- মুনা-যি’উঁ ওয়ালা- শারী-ক্বুঁ ওয়ালা- যোয়াহী-ব্বুঁ ওয়ালা- শাবী-হুঁ  
তাঁর রাজত্বে নেই কোন প্রতিদ্বন্দ্বী, নেই কোন অংশীদার, নেই কোন সাহায্যকারী, নেই কোন সমতুল্য,

وَلَا نَظِيرٌ وَلَا مُدَبِّرٌ وَلَا وَزِيرٌ وَلَا مُعِينٌ بَلْ كَانَ قَبْلَ وُجُودِ

ওয়ালা- নাযী-ব্বুঁ ওয়ালা- মুদাব্বিব্বুঁ ওয়ালা- ওয়াযী-ব্বুঁ ওয়ালা- মু’ঈ-নুম্ বাল্ কা-না ক্বাব্বলা ওজ্ব-দিল্  
নেই কোন সমকক্ষ, নেই কোন ব্যবস্থাপক, নেই কোন মন্ত্রী এবং নেই কোন সাহায্যদাতা; বরং তিনি



الْعَلَمِينَ أَجْمَعِينَ ۝ وَلَمْ يَزَلْ سُبْحَانَهُ وَتَعَالَىٰ مَلِكًا كَرِيمًا

‘আলা-মী-না আজমা’ঈ-ন। ওয়া লাম ইয়াযাল সুবহা-নাহু- ওয়া তা‘আলা- মালী-কান্ কারী-মান্ সকল বিশ্বের অস্তিত্বের পূর্বেও বিরাজমান ছিলেন। তিনি (আল্লাহ) সুবহানাহু ওয়া তা‘আলা বিদ্যমান থাকবেন-রাজাধিরাজ, মহানুভব

قِيَوْمًا أَبَدًا أَبَدِينَ وَدَهْرَ الدَّاهِرِينَ فَهُوَ حَاطِيٌّ مِنْ جَمِيعٍ

ক্বাইয়্যু-মান্ আবাদাল্ আ-বিদী-না ওয়া দাহরাদ্ দা-হিরী-না ফাহুয়া ইহা-ত্বাতী- মিন্ জামী-ইশ্ সদা বিরাজমান হিসেবে, অনাদি ও অনন্তকাল যাবৎ স্থায়ীদের স্থায়িত্বকাল যাবৎ, অর্থাৎ সর্বদা। তাই তিনি হলেন আমার, সকল প্রকার

الشَّيَاطِينِ وَالسَّلَاطِينِ ۝ وَعَوْنُ لِي مِنْ جَمِيعِ الْأَقْرَبِينَ

শায়া-ত্বী-নি ওয়াসসালা-ত্বী-ন। ওয়া ‘আওনুল্লী- মিন্ জামী-ইল্ আক্বরাবী-না শয়তান ও (যালিম) বাদশাহ থেকে (রক্ষাকারী) মজবুত কিল্লা এবং আমার জন্য সাহায্যকারী সকল কাছের

وَالْأَبْعَدِينَ ۝ إِيَّاكَ نَعْبُدُ يَا مَوْلَانَا بِالإِقْرَارِ وَنَعْتَرِفُ لَكَ أَيُّضًا

ওয়াল্ আব্‘আদী-ন। ইয়্যা-কা না‘বুদু ইয়া- মাওলা-না- বিল্ ইক্বরা-রি ওয়া না‘তারিফু লাকা আয়দ্বাম্ ও দূরের লোকজন থেকেও। হে আমাদের মাওলা ও মালিক! আমরা তোমারই ইবাদত করি (তোমার একাত্ববাদের) স্বীকারোক্তি সহকারে এবং আমরা তোমার সামনে নিজেদের

بِالْعِجْرِ وَالتَّقْصِيرِ وَنُؤْمِنُ بِكَ وَنَتَوَكَّلُ عَلَيْكَ فِي كُلِّ

বিল্ ‘ইজ্বি ওয়াত্-তাক্বসী-রি ওয়া নু‘মিনু বিকা ওয়া নাতাওয়াক্বালু ‘আলায়কা ফী- কুল্লিল্ অপারগতা ও ত্রুটি-বিচ্যুতির কথা অপকটে স্বীকার করছি, আর তোমারই উপর আমরা ঈমান আনছি ও সকল বিষয়ে তোমারই উপর ভরসা রাখি

الْأُمُورِ وَنَعْتَصِمُ بِكَ مِنْ جَمِيعِ الذُّنُوبِ وَنَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ

উমু-রি ওয়া না‘তাসিমু বিকা মিন্ জামী-ইয্ যুনু-বি ওয়া নাশ্হাদু আললা- ইলা-হা ইল্লা- আন্তা এবং তোমারই সাহায্যক্রমে সকল প্রকার পাপাচারে লিপ্ত হওয়া থেকে মুক্তি চাই; আর আমরা এ মর্মে সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ছাড়া আর কোন উপাস্য নেই,

يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ ۝ كَوَيْلًا نَسْتَعِينُ ۝ نَسْتَعِينُ بِاللَّهِ عَلَىٰ

ইয়া- যাল্ জালা-লি ওয়াল্ ইকরা-মি ওয়া ইয়্যা-কা নাশ্হা’ঈ-ন। নাশ্হা’ঈনু বিল্লা-হি ‘আলা- হে মহান মর্যাদা ও সম্মানের অধিকারী! একমাত্র তোমারই কাছে সাহায্য প্রার্থনা করি, সকল প্রয়োজন বা সমস্যায়। মহান আল্লাহ্ তা‘আলার সাহায্য কামনা করি।

كُلِّ حَاجَةٍ مِّنْ أُمُورِ الدُّنْيَا وَالدِّينِ ۖ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ

কুল্লি হা-জাতিম্ মিন্ উম্ম-রিদ্ দুন্ইয়া- ওয়াদদী-ন। আন্না-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
দ্বীন-দুনিয়ার সকল বিষয়ের প্রয়োজনে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ تَاجِ أَهْلِ الْبَدْوِ وَالْحَضَرِ وَمَنْ أَقْرَبَ فَضْلِهِ وَمَنْ

সায়্যিদিনা- মুহাম্মাদিন্ তা-জি আহ্লিল্ বাদভি ওয়াল্ হাদ্বারি ওয়া মান্ আক্বাররা বিফাদ্বলিহী- ওয়া মান্  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি, যিনি হলেন মুকুট সকল মরবাসী ও নগরবাসীর, তাদেরও যারা তাঁর ফযীলত বা শ্রেষ্ঠত্বকে স্বীকার করে নিয়েছে এবং তাদেরও যারা

نَأَىٰ عَنْهُ وَمَنْ حَضَرَ يَا هَادِيَ الْمُضِلِّينَ لَاهَادِيَ لَنَا غَيْرُكَ

নাআ- 'আনহু ওয়া মান হাদ্বারা ইয়া হা-দিয়াল্ মুদ্খিল্লী-না লা- হা-দিয়া লানা- গায়রুকা  
তাঁর নিকট থেকে বিমুখ হয়েছে এবং তাদেরও যারা অনুগত হয়ে তাঁর দরবারে উপস্থিত হয়েছে। হে পথভ্রষ্টদের হিদায়তকারী, তুমি ছাড়া আমাদের আর কোন পথপ্রদর্শক নেই,

وَحُدُكَ لَا شَرِيكَ لَكَ أَنْتَ الْمَلِكُ الْحَقُّ الْمُبِينُ ۗ

ওয়াহদাকা লা- শারী-কা লাকা আন্তাল্ মালিকুল্ হাক্বুকুল্ মুবী-ন।  
তুমি এক ও অদ্বিতীয়, তোমার কোন শরীক নেই, তুমিই একমাত্র রাজাধিরাজ, সত্য ও সুস্পষ্টকারী।

وَنَشْهَدُ أَنَّ سَيِّدَنَا وَنَبِيَّنَا وَهَادِيَنَا وَمُهْدِيَنَا مُحَمَّدًا عَبْدَكَ

ওয়া নাশ্বাদু আন্না সায়্যিদানা- ওয়া নাবিয়ানা- ওয়া হা-দিয়ানা- ওয়া মুহুদিয়ানা- মুহাম্মাদান্ 'আব্দুকা  
আর আমরা সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় আমাদের আক্বা, আমাদের নবী, আমাদের হিদায়তকারী ও আমাদের দাতা হযরত মুহাম্মদ মোস্তফা তোমার প্রিয়বান্দা

وَرَسُولُكَ وَحَبِيبُكَ النَّبِيُّ الْأَمِّيُّ صَادِقُ الْوَعْدِ الْأَمِينُ

ওয়া রাসূ-লুকা ওয়া হাবী-বুকান্ নাবিয়্যুল্ উম্মিয়্যু সা-দিক্বুল্ ওয়া'দিল আম্মী-নুল্  
ও তোমার রাসূল এবং তোমার ওই হাবীব, যিনি উম্মী\* (আসল ও মূল) নবী, ওয়াদা পালনকারী, আমানতদার,

الْمَبْعُوثُ رَحْمَةً إِلَىٰ كَافَّةِ الْخَلَائِقِ أَجْمَعِينَ صَلَّى اللَّهُ عَلَيْهِ

মাব্'উ-সু রাহ্মাতান্ ইলা- কা-ফ্ফাতিল্ খালা-ইক্বি আজ্মা'ঈ-না সাল্লাল্লা-হু 'আলায়হি  
যিনি সকল সৃষ্টির প্রতি প্রেরিত রহমতস্বরূপ, মহান আল্লাহ্ দুরূদ ও সালাম প্রেরণ করুন তাঁর প্রতি,

\* নবীয়ে উম্মীর অর্থ সকল নবী-রসূলগণের মূল অথবা উম্মুল কোরা তথা মক্কা শরীফে শুভাগমনকারী নবী- এখানে উম্মী অর্থ মুখ বা নিরক্ষর নয়। নবী-রসূলের ক্ষেত্রে এ ধরনের অর্থ করা (অর্থাৎ নিরক্ষর ইত্যাদি বলা) চরম বেআদবী, যা কুফরী ও বেঈমানীর নামান্তর।

وَعَلَىٰ آلِهِ وَصَحْبِهِ وَشَيْعَتِهِ وَوَارِثِيهِ وَحِزْبِهِ الطَّيِّبِينَ الطَّاهِرِينَ

ওয়া 'আলা- আ-লিহী- ওয়া সাহ্বিহী- ওয়া শী-'আতিহী- ওয়া ওয়া-রিসী-হি ওয়া হিব্বিহিত্ত্বায়িবী-নাত্ ত্বা-হিরী-না  
তঁার পরিবার-পরিজনের প্রতি, তঁার সাহাবীগণের প্রতি, তঁার অনুসারীদের প্রতি, তঁার উত্তরাধিকারীদের প্রতি, তঁার দলের প্রতি, যাঁরা সবাই হলেন- পূতঃপবিত্র ও দোষক্রটিমুক্ত।

صَلَوَةٌ وَسَلَامًا دَائِمِينَ مُتَلَاذِمِينَ بَاقِيَيْنِ إِلَى يَوْمِ الدِّينِ ۝

সালা-তাওঁ ওয়া সালা-মান্ দা-ইমাইনি মুতালা-যিমাইনি বা-ক্বিয়ায়নি ইলা- ইয়াওমিদী-ন।  
এমন সালাত ও সালাম, যা সর্বদা, অপরিহার্য ও ক্বিয়ামত-দিবস পর্যন্ত (ধারাবাহিকভাবে) অব্যাহত থাকবে।

إِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ مِّنْ

ইহদিনাস্ সেরা-ত্বাল্ মুস্তাক্বী-মা সেরা-ত্বাল্লাযী-না আন্ 'আম্ তা 'আলায়হিম্ মিনান্  
আমাদেরকে সরল-সঠিক পথে চালাও, তঁাদেরই পথে, যাদের উপর তুমি অনুগ্রহ করেছো,

النَّبِيِّينَ وَالصِّدِّيقِينَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِينَ وَحَسُنَ أُولَٰئِكَ رَفِيقًا ۝

নাবিয়্যা-না ওয়াস্ সিদ্দী-ক্বী-না ওয়াশ্ শুহাদা-ই ওয়াস্ সা-লিহী-না ওয়া হাসুনা উলা-ইকা রফী-ক্বা-।  
আর তঁারা হলেন নবীগণ, সত্যবাদীগণ (সিদ্দীক্বগণ), শহীদগণ ও সৎকর্মপরায়ণ ব্যক্তিগণ এবং তঁরাই হলেন উত্তম সাথী।

ذَٰلِكَ الْفَضْلُ مِنَ اللَّهِ وَكَفَىٰ بِاللَّهِ عَلِيمًا ۝ صِرَاطَ أَهْلِ

যা-লিকাল্ ফাডলু মিনাল্লা-হি ওয়া কাফা- বিল্লা-হি 'আলী-মা-। সেরা-ত্বা আহলিল্  
আর তা হচ্ছে আল্লাহর পক্ষ থেকে মহা অনুগ্রহ। আল্লাহ্ যথেষ্ট সর্বজ্ঞ। যে পথটি হবে

الْإِسْتِقَامَةِ وَالَّذِينَ وَالصَّالِحِينَ وَالصَّالِحِينَ وَالصَّالِحِينَ وَالصَّالِحِينَ وَالصَّالِحِينَ

ইস্তিক্বা-মাতি ওয়াদ্দী-নি ওয়াত্ তা'যী-মি সেরা-ত্বা আহলিল্ ইখলা-সি  
দৃঢ়-পুতিষ্ঠ, দ্বীনদার ও মর্যাদাসম্পন্ন, লোকদের, যা হবে নিষ্ঠাবান

وَالتَّسْلِيمِ صِرَاطَ الرَّاعِبِينَ إِلَى جَنَّاتِ النَّعِيمِ ۝ صِرَاطَ

ওয়াত্তাসলী-মি সেরা-ত্বার রা-গিবী-না ইলা- জান্না-তিন্ না'ঈ-ম। সেরা-ত্বাল্  
ও আল্লাহর মহত্বের সামনে আত্মসমর্পণকারীদের পথ, 'জান্নাতে নাদিম' (অধিক নেয়ামত ও অনুগ্রহে আচ্ছাদিত বেহেশত)-এর প্রতি আগ্রহীদের পথ, তাদের পথ,

الْمُسْتَانِسِينَ بِالنَّظْرِ إِلَى وَجْهِكَ الْكَرِيمِ ۗ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ

মুস্তানিসী-না বিন্‌নাযারি ইলা- ওয়াজ্‌হিকাল্ কারী-ম। গায়রিল্ মাগ্‌দ্ব-বি 'আলায়হিম।  
যারা তোমার পবিত্র সত্তার দিকে তাকানোর মধ্য দিয়ে আত্মতৃপ্তি কামনাকারী, তাদের পথে নয়, যাদের উপর ক্রোধ আপতিত।

اللَّهُمَّ لَا تَغْضَبْ عَلَيْنَا وَسَهِّلْ لَنَا طَرِيقًا بَيْنَنَا لِمَا قَدْ نَطَلْبُهُ

আল্লা-হুম্মা লা- তাগ্‌দ্বাব্ 'আলায়না- ওয়া সাহ্‌হিল্ লানা- ত্বারী-ক্বাম্ বায়্যিনাল্ লিমা- ক্বাদ নাত্বলুবুহ্-  
হে আল্লাহ্! তুমি আমাদের উপর ক্রোধাশ্রিত হয়ো না এবং সহজ করে দাও আমাদের জন্য ওই পথকে, যা স্পষ্ট। কেননা, আমরা তো তোমার কাছে ওই পথই কামনা করছি,

مِنْكَ يَا رَبِّ الْعَلَمِينَ وَاحْجُبْ عَنَّا كُلَّ قَاطِعٍ وَمَانِعٍ

মিন্‌কা ইয়া- রাব্বাল্ 'আ-লামী-না ওয়াহ্‌জুব্ 'আন্না- কুল্লা ক্বা-ত্বি'ইওঁ ওয়া মা-নি'ইওঁ  
হে সকল জাহানের প্রতিপালক। আর আমাদের থেকে রুখে দাও প্রত্যেক সম্পর্ক ছিন্নকারী, বাধা সৃষ্টিকারী,

وَحَاسِدٍ وَبَاغِضٍ مِّنَ الْخَلْقِ وَالْجِنِّ وَالْإِنْسِ أَجْمَعِينَ

ওয়া হা-সিদিওঁ ওয়া বা-গিছিম্ মিনাল্ খাল্‌ক্বি ওয়াল্ জিন্নি ওয়াল্ ইন্‌সি আজ্‌মা'ঈ-ন।  
হিংসুক ও ঘৃণাকারীকে, যারা ব্যাপকার্থে তোমার সৃষ্টির অন্তর্ভুক্ত এবং বিশেষত সকল জিন ও মানব জাতির অন্তর্ভুক্ত।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদি  
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي شَمَلَهُ الْمَجْدُ الْإِثْبَلُ وَلَمَّهٗ وَتَنَاهَىٰ إِلَيْهِ الشَّرْفُ

নি ল্লাযী- শামালাহ্‌ল্ মাজ্‌দুল্ আসী-লু ওয়া লাম্মাহ্ ওয়া তানা-হা- ইলায়হিশ্ শারাফুল্  
যাঁকে সুদৃঢ় গৌরব ও মহত্ব পরিবেষ্টন করে ও জড়িয়ে রেখেছে আর তাঁরই নিকট সর্বোচ্চ শিখরে পৌঁছেছে

الْمُنِيفُ وَالشَّرْفُ الْخَيْفُ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا

মুনী-ফু ওয়াশ্ শারাফুল্ খায়-ফ। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সায্যিদিনা-  
উঁচু মর্যাদা ও সব ধরনের সম্মান। হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي وَافَتْهُ الْمَهَابَةُ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ব্লাযী- ওয়া- ফাত্‌হুল্‌ মাহা-বাতু হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর মধ্যে পূর্ণতা লাভ করেছে (অলৌকিক ও খোদাপ্রদত্ত) ভক্তিপ্রযুক্ত ভয়,

وَالْجَلَالُ وَتَمَّ لَهُ الْمَحَاسِنُ وَالْجَمَالُ اللَّهُمَّ صَلِّ عَلَىٰ سَيِّدِنَا

ওয়াল্‌ জালা-লু ওয়া তাম্মা লাহুল্‌ মাহা-সিনু ওয়াল্‌ জামা-ল। আল্লা-হুম্মা সল্লি 'আলা- সায়্যিদিনা- মহত্ব এবং তাঁরই জন্য পরিপূর্ণতা দান করা হয়েছে সকল প্রকার গুণাবলী ও সৌন্দর্যকে। হে আল্লাহ্‌! সালাত প্রেরণ করো আমাদের আক্কা

مُحَمَّدٍ صَاحِبِ الشَّرَفِ وَالْأَمَانِ وَبَيْعَةِ الرَّضْوَانِ

মুহাম্মাদিন্‌ সা-হিবিশ্‌ শারারফি ওয়াল্‌ আমা-নি ওয়াল্‌ বায়'আতির্‌ রিদ্‌ওয়া-ন। হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি, যিনি হলেন আভিজাত্য, নিরাপত্তা ও 'বাইয়াতে রিদ্‌ওয়ান'\* এর মালিক।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্‌ হে আল্লাহ্‌! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

صَاحِبِ الْبَيَانِ وَالْفِطْرَةِ وَالْبَيْعَةِ تَحْتَ الشَّجَرَةِ اللَّهُمَّ صَلِّ

সা-হিবিল্‌ বায়া-নি ওয়াল্‌ ফিত্তুরাতি ওয়াল্‌ বায়'আতি তাহ্‌তাশ্‌ শাজারাহ্‌। আল্লা-হুম্মা সল্লি যিনি হলেন- প্রাজ্ঞলভাষা, স্বভাবজাত ধর্ম ও বৃক্ষের নিচে বায়'আতের মালিক। হে আল্লাহ্‌! দুরূদ

وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ

ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্‌ সা-হিবিল্‌ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি

الْحِزْبَةِ وَالْقُرْبَةِ وَبَيْعَةِ الْعُقْبَةِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا

হিব্বাতি ওয়াল্‌ ক্বির্বাতি ওয়া বায়'আতিল্‌ 'আক্বাবাহ্‌। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- হলেন ওযীফা, পানপাত্র (মশক) ও বায়'আতে আক্বাবাহ্‌'র ধারক ও বাহক। হে আল্লাহ্‌! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা

\* ৬ষ্ঠ হিজরীতে ঐতিহাসিক হুদাইবিয়ার সন্ধি সম্পাদিত হবার সময় খ্রিয়নবী সাদ্দাভাহ তা'আলা আলায়হি ওয়াসাল্লাম সাহাবা-ই কেরাম থেকে যেই বায়'আত গ্রহণ করেছিলেন, তার নাম বায়'আত-ই রিদ্‌ওয়ান।

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْفَرَسِ الْجَوَادِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিল্ ফারাসিল্ জাওয়া-দি  
হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হলেন- উন্নত জাতের অশ্বের মালিক

وَالْقَتْلِ وَالْجِهَادِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ

ওয়াল্ ক্বাতলি ওয়াল্ জিহাদ-দ। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-  
এবং যুদ্ধ ও জিহাদের ধারক। হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْقَوْلِ الْمَسْمُوعِ وَالسُّجُودِ وَالرُّكُوعِ

আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিল্ ক্বাওলিল্ মাস্মূ-'ই ওয়াস্ সুজু-দি ওয়ার্ রুকু-'।  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হলেন সর্বজন গৃহীত বাণীর ধারক এবং সাজদাহ্ ও রুকু'কারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ صَاحِبِ الْفَوَائِدِ وَالْعَقَائِدِ وَالْأَعْلَامِ وَالْمَسَاجِدِ

মুহাম্মাদিন্ সা-হিবিল্ ফাওয়াইদি ওয়াল্ 'আক্বা-ইদি ওয়াল্ আ'লা-মি ওয়াল্ মাসা-জিদি  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হলেন সব ধরনের উপকার, সঠিক আক্বীদা, সত্যের পতাকা, সকল মসজিদ,

وَالْمَحَافِلِ الْجَلِيَّةِ وَالْمَشَاهِدِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ

ওয়াল্ মাহা-ফিলিল্ জালিয়্যাতি ওয়াল্ মাশা-হিদ। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
আলোকিত সভা-সমাবেশসমূহ ও দর্শনীয় স্থানসমূহের মালিক। হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الشَّوَاهِدِ وَ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিল্ শাওয়াইদি ওয়া  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হলেন সত্যের নিদর্শন ও

الدَّلَائِلِ وَالْفَضَائِلِ وَالْمَسَائِلِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ سَيِّدِنَا

দালা-ইলি ওয়াল্ ফাঈ-ইলি ওয়াল্ মাসা-ইল্ । আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- সত্যের দলিলধারী, গুণাবলীর উৎস এবং শরীয়তের মাস'আলা-মাসাইলের শিক্ষাদাতা । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْقِبْلَةِ الْيَمَانِيَّةِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিল্ কিব্বলাতিল্ ইয়ামা-নিয়্যাতি হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হলেন ইয়ামানী ক্বেলা\*

وَالْمَوَاهِبِ الرَّبَّانِيَّةِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ سَيِّدِنَا مُحَمَّدٍ

ওয়াল্ মাওয়া-হিবিল্ রাব্বা-নিয়্যাহ্ । আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ও খোদা প্রদত্ত দানসমূহের মালিক । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْوَتْرِ وَالضُّحَىٰ وَالْأُضْحِيَّةِ

ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিল্ ভিত্রি ওয়াহুহু- ওয়াল্ উহুহিয়াতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হলেন বিতর ও হোহা (চাশত) নামায়ের ধারক এবং ক্কারবানী

وَالْأُضْحَىٰ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ

ওয়াল্ আহুহা- । আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি ও ঈদুল আযহার প্রবর্তক । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ النَّامُوسِ وَالْمَحَبَّةِ الْمُشْمَرَةِ فِي

সায়্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিল্ না-মু-সি ওয়াল্ মাহাব্বাতিল্ মুসমিরাতি ফিল আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হলেন 'জিব্রীঈল আমীন'-এর মুনিব এবং ওই ভালবাসার অধিকারী,

الْقُلُوبِ وَالنُّفُوسِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ سَيِّدِنَا

কুলু-বি ওয়ান্নুফু-স । আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- যা সকল হৃদয় ও অন্তরে ফলদায়ক । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা

\* বরকতমণ্ডিত ক্বেলা অথবা রুক্নে ইয়ামানী বিশিষ্ট ক্বেলা (ক্বা'বা-ই মুআযযমাহ) ।

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الرَّتْبَةِ الْجَلِيَّةِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিন্ রুত্বাতিন্ জালিয়াতি  
হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি আলোকিত মর্যাদা,

وَالدَّرَجَةِ الرَّفِيعَةِ وَالْمَحَاسِنِ الْبَدِيعَةِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ

ওয়াদ্দারাজাতিন্ রাফী- 'আতি ওয়াল্ মাহা-সিনিন্ বাদী- 'আহ্ । আল্লা-হুন্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
উচ্চ স্থান এবং অপূর্ব সৌন্দর্য ও গুণাবলীর অধিকারী । হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ النَّجْدَةِ وَالْقُوَّةِ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিন্ নাজ্দাতি ওয়াল্ কুওয়াতি  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হলেন ত্রাণকর্তা, শক্তিধর

وَالْمَكَانَةِ وَالْحُظُورَةِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

ওয়াল্ মাকা-নাতি ওয়াল্ হুযুওয়াহ্ । আল্লা-হুন্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
এবং উঁচুস্থান ও সৌভাগ্যের অধিকারী । হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْمَنْزِلِ الْمُقَرَّبِ

ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিল্ মান্'যিলিল্ মুক্বাররাব ।  
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি আল্লাহ্ তা'আলার অতি নৈকট্যস্থানে আসীন ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ

আল্লা-হুন্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ النُّورِ وَالْبُرْهَانِ وَالْحِكْمَةِ وَالْقُرْآنِ

সায়্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিন্ নূ-রি ওয়াল্ বুরহা-নি ওয়াল্ হিকমাতি ওয়াল্ কুরআ-ন ।  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি খোদাপ্রদত্ত জ্যোতি বা নূর, অকাট্য দলীল, হিকমত (প্রজ্ঞা) ও কোরআনের ধারক ।



اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

صَاحِبِ السَّبْعِ الْمَثَانِي وَالتَّحْقِيقِ وَالْمَبَانِي اللَّهُمَّ صَلِّ

সা-হিবিস্ সাব্-ইল্ মাসা-নী- ওয়াত্-তাহক্বী-ক্বি ওয়াল্ মাবা-নী-। আল্লা-হুম্মা সল্লি যিনি 'সাবই মাসানী'(সূরা ফাতিহা)'র অধিকারী, সত্য উদ্ঘাটন ও প্রমাণকারী এবং (রহস্যাদিকে) আরবী বর্ণমালা অনুসারে বর্ণনাকারী। হে আল্লাহ্! দুরূদ

وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ

ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন সা-হিবিল্ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি

الْأَمَانَةِ وَالطَّاعَةِ وَالْبَلَاغَةِ وَالْبِرَاعَةِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى

আমা-নাতি ওয়াত্ ত্বা-'আতি ওয়াল্ বালা-গাতি ওয়াল্ বারা-'আহ্। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- হলেন আমানতদার, অনুসরণীয় এবং ভাষালঙ্কার ও উন্নত ভাষা বিশিষ্ট। হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْقِبْلَتَيْنِ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিল্ ক্বিব্বলাতায়নি আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি উভয় ক্বেবলাহ্ (বায়তুল মোক্বাদাস ও কা'বা শরীফ),

وَالْمَسْجِدَيْنِ وَالْمَقَامَيْنِ وَالْحَرَمَيْنِ

ওয়াল্ মাসজিদায়নি ওয়াল্ মাক্বা-মায়নি ওয়াল্ হারামায়নি। উভয় মসজিদ (মসজিদে আক্বসা ও মসজিদে হারাম), উভয় মাক্বাম (মক্বামে ইব্রাহীম ও মক্বামে মাহমূদ) এবং উভয়-হেরম (মক্বা মুক্বররামাহ্ ও মদিনা মুনাওয়্যারাহ্)-এর অধিকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ صَاحِبِ الْحِظِّ الْأَوْفَرِ وَالْوَجْهِ الْأَقْمَرِ الْأَنْوَرِ وَالطَّرْفِ

মুহাম্মাদিন সা-হিবিল্ হাযযিল্ আওফারি ওয়াল্ ওয়াজ্জহিল্ আক্কামারিল্ আনওয়া-রি ওয়াত্-ত্বারাফিল্ হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হলেন সর্বাধিক ভাগ্যবান, চাঁদের ন্যায় অতি জ্যোতির্ময় চেহারা বিশিষ্ট, চোখ

الْأَحْوَرِ وَالْجَبِينِ الْأَزْهَرِ وَالْجَمَالِ الْأَبْهَرِ وَالْمَقَامِ الْأَفْخَرِ الْأَنْوَرِ

আহওয়ারি ওয়াল্ জাবী-নিল্ আয্হারি ওয়াল্ জামা-লিল্ আবহারি ওয়াল্ মাক্কা-মিল্ আফ্খারিল্ আনওয়ার। সাদা, অতিমাত্রায় শুভ্রতা বিশিষ্ট, অধিক দৃশ্যমান ললাট বিশিষ্ট, চোখ ধাঁধানো সৌন্দর্যের অধিকারী এবং অধিক গৌরবময় ও আলোকোজ্জ্বল স্থানের অধিকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র

مُحَمَّدٍ صَاحِبِ اللَّمَّةِ وَالشَّامَّةِ وَالْخَاتَمِ وَالْغَمَامَةِ

মুহাম্মাদিন সা-হিবিল্ লুম্মাতি ওয়াশ্শা-স্মাতি ওয়াল্ খা-তামি ওয়াল্ গামা-মাহ্। বংশধরের প্রতি, যিনি লম্বা বাবরী বিশিষ্ট, প্রখর ছাণশক্তি সম্পন্ন এবং মোহরে নুবুয়ত ও ছায়াদানকারী মেঘমালার অধিকারী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

صَاحِبِ النَّاقَةِ وَالنَّجِيبِ وَالْهَرَاوَةِ وَالْقَضِيبِ اللَّهُمَّ صَلِّ

সা-হিবিল্ না-ক্বাতি ওয়ান্ নাজী-বি ওয়াল্ হারা-ওয়াতি ওয়াল্ ক্বাদ্বী-ব। আল্লা-হুম্মা সল্লি যিনি উটনীকে আরোহণ দ্বারা মর্যাদা প্রদানকারী, বংশীয় (মর্যাদা) এবং যাষ্ঠি ও ছড়ির অধিকারী। হে আল্লাহ্! দুরূদ

وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ

ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন সা-হিবিল্ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি

الْجَيْشِ الْمَنْصُورِ وَالسِّوَاكِ وَالطُّهُورِ اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ

জায়শিল্ মানসূ-রি ওয়াস্‌সিওয়া-কি ওয়াত্‌তুহ-র। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম হলেন সদা বিজয়ী সৈন্যবাহিনীর অধিকারী এবং মিস্‌ওয়াক ও ওয়ূ সম্পন্নকারী। হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো

عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَاحِبِ الْوَفْرَةِ

‘আলা- সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া ‘আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিন্ সা-হিবিল্ ওয়াফ্‌রাতিল্ আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হলেন সুবাসিত বাবরী

الْعَطْرَةِ وَالْوَجْنَةِ النَّضِيرَةِ وَالطَّلَعَةِ السَّعِيدَةِ وَالْحَالَةِ الْحَمِيدَةِ

‘আত্ত্বিরাতি ওয়াল্ ওয়াজ্‌নাতিন্ নাঈ-রাতি ওয়াত্‌ত্বাল্-‘আতিস্ সা-ঈ-দাতি ওয়াল্ হা-লাতিল্ হামী-দাতি ও সতেজ-সজীব গণ্ডদেশধারী আর সৌভাগ্যের নক্ষত্র ও প্রশংসনীয় অবস্থানের অধিকারী

وَالْخُفَيْنِ وَالْوَسَادَةِ وَالزُّهْدِ وَالْعِبَادَةِ يَا حَمِيدَ الْأَفْعَالِ ذَا

ওয়াল্ খুফ্‌ফায়নি ওয়াল্ ভিসা-দাতি ওয়ায্‌যুহুদি ওয়াল্ ‘ইবা-দাতি ইয়া- হামী-দাল্ আফ্-‘আ-লি যাল্ এবং মোজা ও বালিশ ব্যবহারকারী, সংসারের মোহমুক্ত, ইবাদতপরায়ণ। হে প্রশংসনীয় কার্যাদি সম্পাদনকারী,

الْمَنْ عَلَىٰ جَمِيعِ خَلْقِهِ بِلُطْفٍ اجْعَلْنِي مَحْمُودًا

মান্নি ‘আলা- জামী-‘ই খাল্‌ক্বিহী- বিলুত্‌ফিন্ ইজ্-‘আল্‌নী- মাহমূ-দাম্ সকল সৃষ্টির প্রতি দয়া সহকারে অনুগ্রহশীল- আমাকে করে দাও প্রশংসিত

مَسْعُودًا بِكُلِّ أَعْمَالٍ وَأَقْوَالٍ عِنْدَ كُلِّ نَفْسٍ مَعَ حَرَكَةٍ وَ

মাস্-উ-দাম্ বিক্বল্লি আফ্-‘আ-লিওঁ ওয়া আক্বওয়া-লিন্ ‘ইনদা ক্বল্লি নাফ্‌সিন্ মা‘আ হারাকাতিওঁ ওয়া ও সৌভাগ্যশালী আমার সকল কর্ম ও কথায় প্রত্যেকের নিকট, প্রতিটি নড়াচড়ায় ও

سُكُونٍ وَاجْعَلْنِي عَلَىٰ أَقْصَىٰ طُرُقِ مَحْمُودَةٍ عِنْدَ الْعَارِفِينَ وَالْوَاصِلِينَ

সুকূ-নিন্ ওয়াজ্-‘আলনী- ‘আলা- আক্বসা- ত্বুরক্বিম্ মাহমূ-দাতিন্ ‘ইনদাল্ ‘আ-রিফী-না ওয়াল্ ওয়া-সিলী-না স্থিরতায় এবং আমাকে সকল আরিফ (আল্লাহর পরিচয়প্রাপ্ত) ও ওয়াসিল (গন্তব্যপ্রাপ্ত) বান্দার নিকট প্রশংসনীয় পন্থাসমূহের সর্বোচ্চ শিখরে অর্ধিষ্ঠিত করো।

ثُمَّ مَنْ عَلَيَّ مَنَا بُعْطَاءٍ كَثِيرٍ دِينِي وَرُوحِي فِي مَرْتَبَةٍ تَكْمِيلٍ

সুন্না মুন্না 'আলাইয়া মান্নাম্ বি'আত্বা-ইন্ কাসী-রিন্ দী-নিয়িওঁ- ওয়া রু-হিয়িন্ ফী- মার্তাবাতি তাক্মী-লিন্  
অতঃপর আমার উপর দয়া ও অনুগ্রহের অচেল ধারা বর্ষণ করো, যা আমার দ্বীনী ও রুহানী উভয়কেই शामिल করে অধিক পরিপূর্ণতার

إِضَافِي فَكُلَّمَا رَجَعَ الْمَنُّ بِجَبْرِ الْجَلَالِ الدَّاعِي إِلَى التَّجْرِيدِ

ইদ্বা-ফিয়িন্ ফাকুল্লুমা- রাজা'আল্ মান্ন বিজাবরিল্ জালা-লিদ্ দা-ঈ- ইলাত্ তাজরী-দি  
স্তরে পৌঁছিয়ে দেবে। সুতরাং যখন প্রত্যাবর্তন করে তোমার দান ও অনুগ্রহ তোমার 'জবর' (প্রতাপ) ও 'জালাল' (মহত্ত্ব)-এর কারণে, যা মূলত বর্জিত হওয়া

وَالْإِهْلَاكِ أَعْدَهُ بِلُطْفِ الْجَمَالِ الْعَرِيقِ الْبَهِيْجِ

ওয়াল্ ইহলা-কি আ'ইদছ্ বিলুতুফিল্ জামা-লিল্ 'আরী-কিল্ বাহী-জিন্  
ও ধবংসের দিকে নিয়ে যায় তখন তুমি তা আমার নিকট পুনরায় ফিরিয়ে দাও তোমার 'জামাল (সিদ্ধতাপূর্ণ সৌন্দর্য)-এর কোমলতা ও সজীবতা সহকারে, যা হবে দৃঢ়, অভিজাত ও নয়নাভিরাম,

النَّاظِرِبِهِ عِبَادُكَ الْمُخْلِصُونَ فَاجْعَلْ لَيْلِي وَنَهَارِي وَكُلَّ

না-যিরি বিহী- 'ইবা-দুকাল্ মুখ্লিসূ-না ফাজ্'আল্ লায়লী- ওয়া নাহা-রী- ওয়াকুল্লা  
যার মাধ্যমে তোমার নিষ্ঠাবান বান্দারা অবলোকন করে থাকে। অতএব, করে দাও আমার রাত ও দিনকে এবং ওই সমস্ত লোকদেরকে

مَنْ يَتَوَجَّهْ إِلَيْكَ وَرَسُولِكَ وَعَبْدِكَ الْمُخْلِصِ ذَاتَ مَنْ

মাই ইয়াতাওয়াজ্জাহ্ ইলায়কা ওয়া রাসূ-লিকা ওয়া 'আব্দিকাল্ মুখ্লিসি যা-তা মান্নিম্  
যারা মনোনিবেশ করে তোমার ও তোমার রাসূলের দিকে এবং তোমার ওই নিষ্ঠাবান বান্দার দিকে,

مُشَرَّفٍ جَامِعٍ بِكُلِّ خُلُقٍ فَاضِلٍ مِنْ كُلِّ عَالِمٍ بِالْفِعْلِ وَالْقُوَّةِ

মুশাররাফিন্ জা-মি'ইম্ বিকুল্লি খুলুকিন্ ফা-দ্বিলিম্ মিন্ কুল্লি 'আ-লিমিম্ বিলুফি'লি ওয়াল্ কুওয়াতির্  
যিনি অতি উঁচু, ব্যাপক অনুগ্রহের অধিকারী, প্রত্যেক ফযীলতমণ্ডিত স্বভাব সহকারে সমগ্র বিশ্বে, চাই তা কার্যত হোক কিংবা যোগ্যতাগত হোক;

الرَّاجِحَةِ أَوْ الْمَسَاوِيَةِ أَمِينٌ هُ يَا سُبُوْحُ الْمُنَزَّهَةِ وَيَا قُدُّوسُ

রা-জিহাতি আভিল্ মুসা-ভিয়াতি আ-মী-ন। ইয়া সুব্বূ-হুল্ মুনায্হাহ্ ওয়া ইয়া- কুদু-সুল্  
চাই ওই যোগ্যতা অধিকতর হোক কিংবা সমান হোক। আ-মী-ন! (হে আল্লাহ! কবুল করে নাও)। হে পূত:পবিত্র মহিমাময় এবং হে মহাপবিত্র,

الْقَادِرُ طَهَّرَنِي مِنَ الدَّنَسِ النَّاسُوتِيِّ فَأَنْتَ الْمُلْقَى إِلَى

ক্বা-দিরঃ ত্বাহ্‌হিরনী- মিনাদ্দানাসিন্ না-সূ-তিয়ি ফাআন্‌তাল্ মুল্ক্বী- ইলাল্ ক্বুদরতময় (আল্লাহ)! আমাকে পাক-পবিত্র করে দাও সকল প্রকার শারীরিক ময়লা থেকে। সুতরাং তুমিই একমাত্র

الْعُلُويِّ بِالْجَبْرِ وَالْقَهْرِ الْقَوِيِّ الْجَرَّارِ مِنْ مَّادَّةٍ دَنِيَّةٍ إِلَى عَالَمِ

ইল্‌ভিয়ি বিল্‌জাবরি ওয়াল্ ক্বাহরিন্ ক্বাভিয়িল্‌ জাররা-রি মিম্মা-দ্দাতিন দানিয়্যাতিন্ ইলা- 'আ-লামিল্ উন্নতির দিকে ধাবিতকারী দাপট ও প্রতাপ সহকারে; যা অতি মজবুত বস্তু টেনে আনে হীন উপাদান থেকে স্থায়ী

الْقَرَارِ وَيَانْقِيَاءِ مِنْ كُلِّ لَوْثٍ قَوْلِيٍّ أَوْ وَهْمِيٍّ مَرْكُوزٍ فِي أَيِّ

ক্বারা-রি ওয়া ইয়া- নাক্বিয়্যাম্ মিন্ ক্বুল্লি লাওসিন্ ক্বাওলিয়িন্ আও ওয়াহ্মিয়্যাম্ মার্কু-যিন্ ফী- আইয়ি জগতের দিকে। হে মহাপবিত্র সত্তা প্রত্যেক বাণীগত ও ধারণাগত দোষ-ক্রটি থেকে, যা প্রোথিত যে কোন

حِسٍّ وَاجْعَلْ قَلْبِي ثُمَّ رُوحِي عَرِيَجًا عَلَى سَمَاءِ الْقُدْسِ

হিস্‌সিন্ ওয়াজ্ 'আল্ ক্বাল্বী- সুম্মা রূ-হী- 'আরী-জান্ 'আলা- সামা-ইল্ ক্বুদসি অনুভূতিতে এবং করে দাও আমার ক্বলব অতঃপর রূহকে পবিত্রতার আকাশে আরোহণকারী

وَقَدِّرْ لِي ثَمَّةً مَطْوِيَّتَيْنِ الْجِهَاتِ فِي جِهَةٍ وَاحِدَةٍ وَالْأَزْمَنَةَ فِي

ওয়া ক্বাদির্লী- সাম্মাহ্ মাত্বুভিয়্যাভায়নিল্ জিহা-তু ফী- জিহাতিওঁ ওয়া-হিদাতিন্ ওয়াল্ আয্মিনাতু ফী- এবং সেখানে আমার নিয়ন্ত্রণে এনে দাও দু'টি চতুর্দিকে গুটানো বস্তুকে। সমস্ত দিক যেন একটি মাত্র দিকে রূপান্তরিত হয়, সকল কাল

نَهْجٍ وَاحِدٍ حَتَّى يَصِيرَ الشَّهْرُ وَالْجُمُعَةُ وَالْيَوْمُ يَوْمًا وَاحِدًا

নাহ্‌জিওঁ ওয়া-হিদিন্ হাত্তা- ইয়াসী-রাশ্‌শাহরু ওয়াল্ জুম্ম'আতু ওয়াল্ ইয়াওমু ইয়াওমাওঁ ওয়া-হিদাম্ একটি পদ্ধতিতে হয়, যাতে মাস, সপ্তাহ ও দিন একটি মাত্র দিনে পরিণত হয়,

مُطَّلِعًا عَلَى الْأَسْرَارِ الْغَيْبِيَّةِ الَّتِي هِيَ وَرَاءَ الْمُعَقَّقَةِ فِي

মুত্বালি'আন্ 'আলাল্ আসরা-রিন্ গাইবিয়্যাতিল্লাতী- হিয়া ওয়া রা-আল্ মু'আক্ব'আক্বাতি ফিল্ এমতাবস্থায় যেন অবগত হতে পারি অদৃশ্যের রহস্যাবলী সম্পর্কে, যেগুলো অতি দূরবর্তী

الْخَلَائِ الْأَبْعَدِ مِنْ غَيْرِ أَطْرَافِ الْجِهَاتِ وَالْأَزْمِنَةِ الْمُقَيَّدَةِ

খালা-ইল্ আব্'আদি মিন্ গায়রি আত্বুরা-ফিল্ জিহা-তি ওয়াল্ আয্মিনাতিল মুক্বাইয়াদাতি  
শূন্যের পশ্চাতে, যা কাল ও স্থানের সীমানা ও দিক থেকে পবিত্র,

بِاشْتِغَالِ الْبَشَرِيَّةِ الْخَامِدَةِ الْحَرَارَةِ النُّورِيَّةِ الْإِشْرَاقِيَّةِ الْمُؤَلَّفَةِ

বিশ্তিগা-লিল্ বাশারিয়্যাতিল্ খা-মিদাতিল্ হারা-রাতিন্ নূ-রিয়্যাতিল্ ইশরা-ক্বিয়্যাতিল্ মুআল্লাফাতিল্  
যা মানবীয় কার্যাদির সাথে যুক্ত, নির্বাপিত, উত্তপ্ত, চমৎকৃত, উজ্জ্বল ও জ্যোতির্ময়, যার গঠন ও সম্পর্ক

الْمُعَلَّقَةِ بِالْهُوَآئِيَّةِ الْيَبَسِيَّةِ الْمُخَمَّرَةِ مَعَ الْأَرْضِيَّةِ الْكَدِرَةِ

মু'আল্লাফাতি বিল্হাওয়া-ইয়্যাতিল্ ইয়াবাসিয়্যাতিল্ মুখাম্মারাতি মা'আল্ আর্দ্বিয়্যাতিল্ কাদিরাহ্ ।  
স্থির করা হয়েছে বায়বীয় উপাদানের সাথে, যা শুষ্ক, আর তাকে মিশ্রিত করা হয়েছে ভূমিজাত উপাদানের সাথে, যা কদমাজ্ ।

اللَّهُمَّ أَنْتَ تَجِيبُ دَعْوَةَ الدَّاعِي إِذَا دَعَا إِلَيْكَ وَلَا حَوْلَ

আল্লা-হুম্মা আন্তা তুজী-বু দা'ওয়াতাদ্ দা-'ঈ- ইযা- দা'আ- ইলায়কা ওয়ালা- হাওলা  
হে আল্লাহ্! তুমি আহ্বানকারীর আহ্বানে সাড়া দাও যখন সে তোমার দিকে মনোনিবেশ করে তোমাকে ডাকে আর নেই কোন শক্তি (মন্দকাজ থেকে বিরত থাকার),

وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ ۝ سُبْحَانَ مَنْ عَلَا بِالْعُظْمَةِ

ওয়াল্লা- ক্বওয়াতা ইল্লা- বিল্লা-হিল্ 'আলিয়্যিল্ 'আযী-ম । সুব্হা-না মান্ 'আলা- বিল্'আয্মাতি  
নেই কোন ক্ষমতা (সৎ কাজে আত্মনিয়োগ করার) উচ্চ মর্যাদাশীল মহান আল্লাহর ক্ষমতা ব্যতিরেকে । পবিত্র ওই মহান সত্তা, যিনি মহত্ব ও মহিমার সাথে সমুন্নত

وَالْجَلَالِ وَاسْتَحَى أَصْحَابُ الْكَمَالِ مِنَ الْإِتِّصَافِ بِالتَّنَزُّهِ

ওয়াল্ জালা-লি ওয়াস্তাহা- আস্হা-বুল্ কামা-লি মিনাল্ ইত্তিসা-ফি বিত্‌তানায্‌যুহি  
আর পূর্ণতা প্রাপ্তগণ নিজদেরকে স্বচ্ছতার সাথে বিশেষিত করতে লজ্জাবোধ করেন (বা বিরত থাকেন),

فِي أَدْنَى نُورِهِ مِنْ فُرُوعِ عَلَيْهِ لِأَصْلِهِ الدَّائِي الْمَقْدَسِ

ফী- আদনা- নূ-রিহী- মিন্ ফুরূ-ইন 'আলায়হি লিআস্‌লিহিয্ যা-তিয়্যিল্ মুক্বাদ্দাসিল্  
ওই নূরের কিঞ্চিৎ বলকের ক্ষেত্রে, যা শাখা ও নিদর্শনের অন্তর্ভুক্ত, তাঁর মূল সত্ত্বাগত পবিত্র নূরেরই,

المُحْرِقِ خُطُورِ الْعِبَادِ وَالْمَوْجُودَاتِ الْأَشْخَاصِيَّةِ وَالْأَنْوَارِ الْمَلَكِيَّةِ

মুহুরিক্বি খুতু-রাল্ 'ইবা-দি ওয়াল্‌মাওজু-দা-তিল্ আশ্‌খা-সিয়্যাতি ওয়াল্ আনওয়া-রিল্ মালাকিয়্যাতিস্  
যা জ্বালিয়ে দেয় মানুষের অন্তরের কুমন্ত্রণাকে এবং ব্যক্তিগত অবস্থান, ফিরিশ্তাসূলভ পবিত্র জ্যোতিরিশি সংক্রান্ত সংশয়কে,

السُّبُوحِيَّةِ إِنْ نَظَرْنَا إِلَى أَوْجِهِ عَظْمَةِ الْجَلَالِ وَالسَّائِرِينَ إِلَى

সুব্ব-হিয়্যাতি ইন্ নাযারনা ইলা- আওজুহি 'আয্‌মাতিল্ জালা-লি ওয়াসসা-ইরী-না ইলাল্  
যদি দৃষ্টিপাত করে আল্লাহ্ তা'আলার মহত্বের মহানতার দিকগুলোর প্রতি। অনুরূপ, তাদের থেকে পরিভ্রমণকারী

الْأَحَدِيَّةِ الْمُتَمَتِّعِ السَّيْرِ إِلَيْهَا فَسُبْحَانَ مَنْ خَافَ عَنْهُ أَجْسَامُ

আহাদিয়্যাতিল্ মুম্তানি 'ইস্ সায়রি ইলায়হা- ফাসুবহা-না মান্ খা-ফা 'আনহু আজসা-মুন্  
আল্লাহর 'এককত্বের' পবিত্র স্থানের দিকে, যার দিকে ভ্রমণ করা নিষিদ্ধ। তাই পবিত্রতা ওই মহান আল্লাহর, যাকে ভয় করে

صَلْبِيَّةٌ شَاقَّةٌ قَوِيَّةٌ عَلَى الْإِصْتِدَاءِ مَاتِ وَالْإِحْتِكَاتِ

সল্বিয়্যাতুন্ শা-ক্ব্বাতুন্ ক্বাভিয়্যাতুন্ 'আলাল্ ইস্তিদা-মা-তি ওয়াল্ ইহ্তিকা-কা-তি  
কঠিন কঠোরতম শক্তির দেহগুলো পর্যন্ত, (পাহাড়সমূহ) যেগুলো ধাক্কা ও আঘাতসমূহ সহ্য করতে সক্ষম,

كَالْعِهْنِ الْمَنْفُوشِ وَهُمْ أَبِينِ أَنْ يَحْمِلْنَهَا وَأَشْفَقْنَ مِنْهَا

কাল্ 'ইহ্নিল্ মান্‌ফু-শি ওয়া হুম্ আবায়না আই ইয়াহ্মিল্নাহা- ওয়া আশ্‌ফাক্বনা মিন্‌হা-  
যেগুলো ধুনকৃত তুলার মতো হয়ে যাবে। আর তারা অপারগতা প্রকাশ করেছে (আমানতের এ কঠিন বোঝা) বহন করতে এবং তারা তাকে ভয় পেয়েছিল

وَحَمَلَهَا الْإِنْسَانُ اللَّهُمَّ إِنِّي ظَالِمٌ لِنَفْسِي وَأَنْتَ الْعَلِيُّ

ওয়া হামালাহাল্ ইন্‌সা-ন। আল্লা-হুম্মা ইন্নী যা-লিমুল্ লিনাফসী- ওয়া আন্‌তাল্ 'আলিয়্যুল্  
আর একমাত্র মানুষই তা বহন করেছে। হে আল্লাহ্! আমি আমার আত্মার উপর যুল্মকারী, আর তুমি হলে মহান

الْحَكِيمُ لَا يَحْضُرُ فِى الْقَلْبِ شَيْءٌ إِلَّا وَأَنْتَ الْفَعَالُ

হাকী-মু লা-ইয়াহ্‌দ্বুর্ ফি-ল্ ক্বাল্বি শায়উন্ ইল্লা- ওয়া আন্‌তাল্ ফা'আ-লু  
প্রজ্ঞাময়। কোন কিছুই অন্তরে উপস্থিত হয় না, কিন্তু একমাত্র তোমারই প্রভাবে, যা একমাত্র তুমিই তার কর্তা

وَلَقَدْ أَنْشَأْنَا فِي النَّشْأَةِ الْأُولَىٰ بِغَيْرِ وَسْطَةِ أَعْمَالِنَا وَأَكْسَابِنَا

ওয়া লাক্বাদ্ আনশা'তানা- ফিননাশ'আতিল্ উ-লা বিগায়রি ভিসা-ত্বাতি আ'মা-লিনা- ওয়া আক্সা-বিনা- ।  
এবং একমাত্র তুমিই আমাদেরকে সৃষ্টি করেছো প্রথম সৃষ্টিকালে, আমাদের কোন প্রকার কর্ম ও উপার্জনের মধ্যস্থতা ব্যতিরেকেই ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدِ الَّذِي سَادَ جَمِيعَ الْأَنَامِ وَحَقَّ لَهُ أَنْ يَسُودَ

মুহাম্মাদিনি ল্লাযী- সা-দা জামী-'আল্ আনা-মি ওয়া হাক্বুকা লাহু- আই'ইয়াসু-দ ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি পবিত্র নেতৃত্বদান করেছেন সৃষ্টিকুলের উপর আর পবিত্র নেতৃত্ব তো তাঁরই জন্যই শোভা পায় ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدِ الَّذِي عَبَقَ عَرَقُ الْمَجْدِ مِنْ أَرْدَانِهِ وَفَاحَ وَطَلَعَ طَالِعُ

মুহাম্মাদিনি ল্লাযী- 'আবাক্বা 'আরাক্বুল্ মাজ্জদি মিন্ আরদা-নিহী- ওয়া ফা-হা ওয়া ত্বালা'আ ত্বা-লি'উস্  
হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি বংশধরের প্রতি, যাঁর আস্তিন থেকে সম্মান ও গৌরবের ঘামের উদগীরণ হয়েছে এবং তা চতুর্দিকে ছড়িয়ে পড়েছে, আর উদিত হয়েছে

السَّعْدِ مِنْ وَجْهِهِ وَلَا حَ الْلَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا

সা'দি মিওঁ ওয়াজ্জিহী- ওয়ালা-হু । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা-  
সৌভাগ্যের নক্ষত্র তাঁর নূরানী চেহারা থেকে এবং তা চমকিত হয়েছে । হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي تَرَقَّى إِلَىٰ أَعْلَىٰ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- তারাক্বুকা- ইলা- আ'লা-  
হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি আরোহণ করেছেন



دَرَجَاتِ الشَّرَفِ وَفَاقَ شَرَفَهُ مِنْ يَأْتِي مِنَ الْأُمَمِ وَمَنْ سَلَفَ

দারাজা-তিশ্ শারাকি ওয়াফা-ক্বা শারাকুহু- মাই ইয়া'তী- মিনাল্ উমামি ওয়ামান্ সালাফ্ ।  
মর্যাদার সর্বোচ্চ শিখরে এবং প্রাধান্য বিস্তার করেছে তাঁর এ মর্যাদা আগমনকারী ও প্রস্থানকারী সকল উম্মতের উপর ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি  
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي فَاضَ بَحْرُ يَمِينِهِ فَأَخْجَلَ الْأَنْهَارَ وَالْبُحُورَ وَقَلَّدَ اللَّهُ

ল্লাযী- ফা-দ্বা বাহরু ইয়ামী-নিহী- ফাআখ্জালান্ আনহা-রা ওয়াল্ বুহু-রা ওয়া ক্বাল্লাদাল্লা-হু  
যাঁর দানশীলতার সাগর এমনভাবে প্রাবিত হয়েছে যে, পৃথিবীর সকল নদী ও সাগরকে লজ্জিত করে ছেড়েছে এবং আল্লাহ্ তা'আলা পরিধান করিয়েছেন

جِيدَهُ أَبَدَ عٍ مِنْ دُرِّ النَّحُورِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا

জী-দাহু আব্দা'আ মিন্ দুরারিন্ নুহু-র । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা-  
তাঁর নূরানী গলা মোবারকে মুক্তাগুলোর মধ্য থেকে সর্বোৎকৃষ্ট ও সর্বাধুনিক মুক্তার মালা । হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي عَادَ عَلَى قَوْمِهِ بَعْوَأَدٍ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- 'আ-দা 'আলা- ক্বাওমিহী- বি'আওয়া-ইদি  
হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি স্বীয় জাতির প্রতি

جُودِهِ وَمَدَدِهِ وَسُلْطَ عَلَىٰ أَعْدَائِهِ بَعْدَ دِهِ وَعُدَدِهِ اللَّهُمَّ صَلِّ

জু-দিহী- ওয়ামাদাদিহী সুল্লিভ্বা 'আলা- আ'দা-ইহী- বি'আদাদিহী- ওয়া 'উদাদিহু । আল্লা-হুম্মা সল্লি  
দান ও সাহায্যের বারিধারা অব্যাহত রেখেছেন এবং তাঁকে কর্তৃত্ব ও ক্ষমতা দান করা হয়েছে তাঁর শত্রুদের উপর অসংখ্য সৈন্য ও অস্ত্র দিয়ে । হে আল্লাহ্! দুরূদ

وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي

ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী-  
ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর

طَلَعَ قَمَرُ نُورِهِ فِي أَفْقِ السَّمَاءِ وَتَرَقَّى عَلَى الْأَنْبِيَاءِ

ত্বালা'আ ক্বামারু নূ-রীহী- ফী- উফুক্বিস্ সামা-ই ওয়া তারাক্বুকা- আলাল্ আশ্বিয়া-ই  
নূরের চাঁদ উদিত হয়েছে আসমানের দিগন্তে এবং উন্নতি ও প্রাধান্য লাভ করেছে সকল নবী

وَالْمُرْسَلِينَ وَسَمَّا اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَ

ওয়াল্ মুরসালী-না ওয়া সামা-। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া  
ও রাসূলের (নূরের) উপর। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

عَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي اسْتَخْرَجَهُ اللَّهُ مِنْ أَشْرَفِ

'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী-স্ তাখ্বরাজাহুল্লা-হ্ মিন্ আশরাফি  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাকে আল্লাহ তা'আলা প্রকাশ করেছেন আরবদের সর্বাধিক সম্মত্ত

عُنُصْرِهِ فِي الْعَرَبِ وَرُفِعَ عَلَى رَأْسِهِ تَاجُ الْمَحَاسِنِ وَعَلَيْهِ انْتَصَبَ

'উনসুরিহী- ফিল্ 'আরাব। ওয়া রুফি'আ 'আলা- রা'সিহী- তা-জুল্ মাহা-সিনি ওয়া 'আলায়হিন্ তাসাব্।  
উপাদান (বংশ) থেকে, আর উদ্ভূত করা হয়েছে তাঁর শির মোবারকের উপর সৌন্দর্যের মুকুট এবং তা তাঁরই উপর স্থাপন করা হয়েছে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي تَجَلَّى بِنُورِ حُلَّةِ السِّيَادَةِ فَنَالَهَا

সায়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- তাজাল্লা- বিনূ-রি হুল্লাতিস্ সিয়া-দাতি ফানা-লাহা-  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি উদ্ভাসিত হয়েছেন পবিত্র নেতৃত্বের পোশাকের নূর সহকারে, তাই তিনি তা পেয়েও গেছেন

وَتُوِّجَ بِتَاجِ الْعِزَّةِ فَادْرَكَ كَمَالَهَا اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى

ওয়া তুভ্বিজা বিতা-জিল্ 'ইয্যাতি ফাআদ্রাকা কামা-লাহা-। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
এবং তাঁকে পরিধান করা হয়েছে সম্মানের মুকুট। সুতরাং তিনি তাঁর পূর্ণতার আসনে আসীন হয়েছেন। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي رَتَعَ فِي رِيَاضِ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ব্লাযী- রাত'আ ফী- রিয়া-দ্বিল্  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর দৃঢ়তার বাহন চরেছে

الْعِزِّ جَوَادُ عَزْمِهِ وَجَدَّ مَفْصَلِ السُّوْدَدِ بِمُدْمَةٍ جَزَمِهِ اللَّهُمَّ

'ইয্বি জাওয়া-দু 'আয্মিহী- ওয়া জায্বা মাফসালাস্ সু'দাদি বিমুদমাতি জায্মিহ্ । আল্লা-হুম্মা  
সম্মানের বাগিচায় এবং কর্তন করেছেন (অন্যদের) নেতৃত্বের কজি বা গ্রন্থিকে তাঁর দৃঢ়তার ধারাবাহিকতার মাধ্যমে । হে আল্লাহ্!

صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي

সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি ব্লাযী-  
দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যার

أَضَاءَتِ الْأَفَاقَ بِأَنْوَارِهِ وَأَيَّعَتْ ثَمَارَ الْأَسْرَارِ مِنْ يَانِعِ أَسْرَارِهِ

আদ্বা-আতিল্ আ-ফা-ক্ব বিআনওয়া-রিহী- ওয়া আইনা'আত্ সিমা-ক্বিল্ আস্রা-রি মী- ইয়া-নি'ই আস্রা-রিহ্ ।  
আলোতে বিশ্বজগত আলোকিত হয়েছে এবং রহস্যের ফলমূল পরিপক্বতা লাভ করেছে তাঁরই পাকা-পোক্ত

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিনি  
রহস্যাদি দ্বারা । হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي زَيَّنَ اللَّهُ الْأَرْضَ بِدَعْوَتِهِ وَمَلَأَ اللَّهُ الْمَشْرِقَ

ব্লাযী- যাইয়্যানাল্লা-হল্ আর্দ্বা বিদা'ওয়াতিহী- ওয়া মালাআল্লা-হল্ মাশ্'রিক্বা  
যার দাওয়াত বা (ধর্মের প্রতি মানব সমাজকে) আহ্বানের মাধ্যমে আল্লাহ তা'আলা এ পৃথিবীকে সৌন্দর্যমণ্ডিত করেছেন এবং আল্লাহ তা'আলা পূর্ব থেকে পশ্চিম তথা সারা বিশ্বকে

وَالْمَغْرِبَ بِأُمَّتِهِ وَشَيْعَتِهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا

ওয়াল্ মাগ্'রিবা বিউম্মাতিহী- ওয়া শী-আতিহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা-  
আবাদ ও ভরপুর করে দিয়েছেন তাঁর উম্মত ও বিশেষ অনুসারীদের দিয়ে । হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي سَلَكَ طَرِيقَ الْعِزَّةِ وَالْبَسَالَةِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ ল্লাযী- সালাকা ত্বারী-ক্বাল্ 'ইয্যাতি ওয়াল্ বাসা-লাতি  
হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি গৌরব ও বীরত্বের পথে চলেছেন

وَأَشْرَقَ فِي وَجْهِهِ نُورُ النُّبُوَّةِ وَالرِّسَالَةِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ

ওয়া আশ্রাক্বা ফী- ওয়াজ্জিহী- নু-রুন্ নুবুয়্যাতি ওয়ার্ রিসা-লাহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম  
এবং তাঁর পবিত্র চেহারা মোবারকে উদ্ভাসিত হয়েছে নুবুয়ত ও রিসালতের নূর বা জ্যোতিরশি । হে আল্লাহ্! দুর্জদ ও সালাম প্রেরণ করো

عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي طَلَعَ بَدْرُ

'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ ল্লাযী- ত্বালা'আ বাদর  
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর অভিজাত্যের

شَرَفِهِ فِي أَفْقِ الْمَجْدِ تَمَامًا اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا

শারাক্বিহী- ফী- উফুক্বিল্ মাজ্দি তামা-মা- । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা-  
পূর্ণিমার চাঁদ গৌরবের আকাশে পূর্ণতার সাথে উদ্ভিত হয়েছে । হে আল্লাহ্! দুর্জদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي تَشَرَّفَ بِعُلُوِّ نَسَبِهِ فَزَكَّىٰ أَخْوَالَآ وَ أَعْمَامًا

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্ ল্লাযী- তাশারব্বাফা বি'উলুভভি নাসাবিহী- ফাযাক্বা- আখ্ওয়া-লাওঁ আ'মা-মা-  
হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি, যিনি সম্রাট বংশীয় মর্যাদায় ও অভিজাত্যে সর্বোচ্চ শিখরে আরোহণ করেছেন, এমনকি মাতৃক ও পৈত্রিক বংশীয় ধারার দিক দিয়েও তিনি পবিত্র ও কলুষমুক্ত ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিন্  
হে আল্লাহ্! দুর্জদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي نَحَرَ بِمُدْيَةِ الْعِزِّ عِدَاهُ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا

ল্লাযী- নাহারা বিমুদ'ইয়াতিল্ 'ইয্যি 'ইদা-হ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা-সায়্যিদিনা-  
যিনি স্বীয় শত্রু ও বিরুদ্ধাচরণকারীদেরকে সম্মান ও মহত্বের খঞ্জর দ্বারা জবাই করে দিয়েছেন ।\* হে আল্লাহ্! দুর্জদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা

